



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি (অভিনন্দন বার্তা)

জাবি প্রাক্তন উপাচার্য, 'ইউজিসি প্রফেসর' অধ্যাপক ড. শরীফ এনামুল কবির-এর নামে

জার্নাল অব দ্যা বাংলাদেশ কেমিক্যাল সোসাইটির স্পেশাল ইস্যু সংখ্যা উৎসর্গ হওয়ায়

জাবি উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৩ নভেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য, বর্তমানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'ইউজিসি প্রফেসর' অধ্যাপক ড. শরীফ এনামুল কবির-এর নামে জার্নাল অব দ্যা বাংলাদেশ কেমিক্যাল সোসাইটি'র স্পেশাল ইস্যু, ভলিউম ৩৪(১), জুন ২০২২ সংখ্যা উৎসর্গ করা হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষকতা থেকে অবসর গ্রহণ এবং রসায়ন শিক্ষা ও গবেষণায় অনন্য অবদানের জন্য তাঁর নামে উল্লিখিত জার্নালের বিশেষ সংখ্যা উৎসর্গ করা হয়। জার্নালের প্রারম্ভে ড. শরীফ এনামুল কবিরের শিক্ষা, গবেষণা ও কর্মময় জীবনের বিভিন্ন দিক তুলে ধরা হয়। এই জার্নালে যুক্তরাষ্ট্রের মনটানা ইউনিভার্সিটির বায়ো কেমিস্ট্রি বিভাগের প্রফেসর ইমিরেটাস অধ্যাপক ড. এডওয়ার্ড রোসেনবার্গ ড. শরীফ এনামুল কবিরের শিক্ষা ও গবেষণার নানাবিধি বিষয় উল্লেখ করে নিবন্ধ লিখেছেন।

উপাচার্যের অভিনন্দন

অধ্যাপক ড. শরীফ এনামুল কবির-এর নামে জার্নাল অব দ্যা বাংলাদেশ কেমিক্যাল সোসাইটির স্পেশাল ইস্যু, ভলিউম ৩৪(১), জুন ২০২২ সংখ্যা উৎসর্গ হওয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম তাঁকে অভিনন্দন জানিয়েছেন। এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, দেশ-বিদেশে প্রসিদ্ধ এ জার্নালটির বিশেষ সংখ্যা অধ্যাপক ড. শরীফ এনামুল কবিরের নামে উৎসর্গ হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আনন্দিত। এতে বিশ্ববিদ্যালয় সম্মানিতবোধ করছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নে অধ্যাপক ড. শরীফ এনামুল কবিরের অবদান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শুন্দর সাথে স্মরণ করে। উপাচার্য আশা প্রকাশ করেন যে, ভবিষ্যতেও ড. শরীফ এনামুল কবিরের সুনাম ও খ্যাতির প্রসারে এ বিশ্ববিদ্যালয় আরও সমৃদ্ধ হবে। উপাচার্য বিশিষ্ট রসায়নবিদ ড. শরীফ এনামুল কবিরের সুস্থান্ত্য ও দীর্ঘ কর্মময় জীবন কামনা করেন।

১৫/১১/২২

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

